গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
রংপুর।
www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.৮৫০০.০০০.৯৯.০১৮.২৬- ১৮৭২

তারিখ ঃ ৬/০৭/২০২৬ইং।

## " ঠিকাদারী তালিকাভুক্ত নবায়ন এবং নতুন তালিকাভূক্তি সংক্রান্ত নোটিশ "এলজিইডি, রংপুর

প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা মহোদয়ের স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-২০৩, তারিখ ঃ ২৯/০৬/২০২৬খ্রি. মোতাবেক এতদ্বারা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর রংপুর এর আওতায় তালিকাভুক্ত সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ইং অর্থ বৎসরের লাইসেন্স নবায়নের মেয়াদ ৩০-০৬-২০২৬ইং তারিখ শেষ হইয়াছে। বিধায়, ২০২৬-২০২৭ইং অর্থ বৎসরের জন্য নিম্নবর্নিত বিবরন অনুসারে ঠিকাদারী লাইসেন্স নবায়নের ব্যবস্থা গ্রহন করা হয়েছে। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি ৬৮(৩) (ঘ) এ প্রয়োজনীয় সংস্থান রয়েছে। উক্ত সংস্থানের আলোকে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি ৬৮(৩) (ঘ) অনুযায়ী তালিকাভূক্তি ফি ৫০০০/- (পাঁচ হাজার) এবং নবায়ন ফি বাবদ ২,০০০/-(দুই হাজার) টাকা তবে একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে তালিকাভূক্তি ফি ৩০০০/- (তিন হাজার) এবং নবায়ন ফি বাবদ ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা নির্ধারিত কোড নং-১৪২২১৯৯ তে এবং রাজস্ব বোর্ডের নিয়মানুযায়ী তালিকাভূক্তি এবং নবায়ন ফি'র উপর ১৫% ভ্যাটের টাকা নির্ধারিত কোড নং-১১৪১১০১ এ চালানের মাধ্যমে ব্যাংকে জমা প্রদান পূর্বক চালানের মূল কপি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করে তালিকাভূক্ত বহি নবায়ন করা জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, তালিকাভূক্ত এবং নতুন ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান কেবল মাত্র নিজ জেলার আওতায় প্রকাশিত দরপত্রে অংশ গ্রহন করতে পারবেন। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি ৬৮(৩) (ঘ) অনুযায়ী ২০২৬-২৭ অর্থ বছরের নতুনভাবে তালিকাভূক্তির জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্ধারিত তালিকাভূক্তির ফরম সংগ্রহপূর্বক আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

<table>
<tr><td>জরিমান প্রদান ব্যতীত নবায়নের শেষ সময় ডিসেম্বর'২০২৬ পর্যন্ত।</td><td>নির্ধারিত তারিখের পর নবায়নের বিলম্ব ফি বাবদ ১০০০/-(এক হাজার) টাকা প্রদান করতে হবে। উল্লেখ্য কোন অর্থবছরে নবায়ন না করা হলে পরের অর্থবছরে নবায়নের ক্ষেত্রে ২০০০/-(দুই হাজার) টাকা বিলম্ব ফি এবং ১৫% ভ্যাট এর অর্থ প্রদান করতে হবে। পরপর দুই বছর নবায়ন না করা হলে উক্ত তালিকাভুক্ত বইটি বাতিল বলে গণ্য করা হবে। পরবর্তীতে নতুনভাবে তালিকাভূক্তি করণের জন্য আবেদন করতে হবে।</td></tr>
<tr><td colspan="2">তালিকাভূক্তিকরণের জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্ধারিত তালিকাভূক্তি ফরম সংগ্রহপূর্বক আবেদন দাখিলের সর্বশেষ তারিখ ৩১-১২-২০২৬খ্রি. পর্যন্ত।</td></tr>
</table>

বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারী দপ্তর হতে জানার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ মুসা)
নির্বাহী প্রকৌশলী
ফোন নং-০২৫৮৯-৯৬২৭৩০
ই-মেইল: xen.rangpur@lged.gov.bd

অনুলিপি ঃ

০১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন/পরিকল্পনা/প্রকল্প/প্রশিক্ষন), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রংপুর অঞ্চল, রংপুর।
০৬। প্রকল্প পরিচালক, ............................................ ,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০৭। জেলা প্রশাসক, রংপুর।
০৮। পুলিশ সুপার, রংপুর।
০৯। সচিব, জেলা পরিষদ, রংপুর।
১০। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, .................................।
১১। নির্বাহী প্রকৌশলী, সওজ/গনপূর্ত/বাপাউবো/বিএডিসি/জনস্বাস্থ্য বিভাগ, রংপুর।
১২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা-......................................, রংপুর।
১৩। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, উপজেলা .................................।
১৪। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগের আলো, জিএলরায় রোড ও দৈনিক পরিবেশ, রংপুর। তাহাকে বিজ্ঞাপনটি আগামী ------------------ তারিখের মধ্যে ১(এক) দিন একবার মাত্র সংক্ষিপ্ত আকারে প্রকাশের জন্য অনুরোধ জানানো হইল। পত্রিকায় প্রকাশের পর ১(এক)টি সৌজন্য কপি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরনের জন্য অনুরোধ করা হইল।
১৫। নোটিশ বোর্ড।

PC-Old XEN\F:\Notice-License..doc # 1